

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
[www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)


বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীভূতদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ হামিদুর রহমান  
যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)  
ও  
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা  
তারিখ : ২৯/১২/২০২২  
সময় : বিকাল ২.৩০ টায়  
স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।  
(সভায় জুমে সংযুক্ত কর্মকর্তাদের ছবি পরিশিষ্ট-ক তে দেখানো হলো)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত অংশের ৫টি বিশেষ কর্মপরিকল্পনার মধ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পরিকল্পনা একটি অন্যতম পরিকল্পনা। পরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রতিটি কার্যক্রম যথাসময়ে অর্জন, প্রয়োগক সংরক্ষণ এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ করা জরুরি। জিআরএস কর্মপরিকল্পনার [২.৩] কার্যক্রমের অংশ হিসেবে অদ্য স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে। সভার পূর্বে এ মন্ত্রণালয়ে উপসচিব (প্রশাসন-১) এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত সেবাবক্তব্য যাচাই করেন। এ পর্যায়ে সভাপতি যাচাইকৃত তথ্যাদি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-১) কে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-১), এ মন্ত্রণালয়ের অধীন প্রতিটি দপ্তর/সংস্থার সেবাবক্তব্যে প্রাপ্ত জিআরএস বিষয়ক তথ্যাদি উপস্থাপন করেন এবং পরবর্তী করণীয় সম্পর্কে সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে অবহিত করেন। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১। ত্রৈমাসিকভিত্তিতে এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাকে অনিক ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- ২। অনিক ও আপিল কর্মকর্তার তথ্য যাচাইয়ে দেখা যায় যে, ২য় ত্রৈমাসিককে মেরিন ফিশারিজ একাডেমি'র আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ করতে হবে।
- ৩। মাসিক প্রতিবেদনসমূহ উর্ধ্বতন অফিসে প্রেরণের পাশাপাশি সেবা বক্সে আপলোড করতে হবে।
- ৪। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনসিটিউটের জুলাই-নভেম্বর ২০২২ পর্যন্ত সময়ের মাসিক প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ৫। পরিবীক্ষণ কমিটি গঠন, হালনাগাদ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং ত্রৈমাসিকভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ ও সেবা বক্সে আপলোড করতে হবে।
- ৬। অধিকাংশ দপ্তর/সংস্থায় অনলাইনে কোন অভিযোগ পোওয়া যাচ্ছে না। এ বিষয়ে প্রচারণা ও সচেতনতা বৃক্ষি করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(স্মোল হামিদুর রহমান) ২০২২-২৩  
যুগ্মসচিব  
ও  
অভিযোগ নিষ্পত্তি কর্মর্তা  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়